শেখ হাসিনার নির্দেশ

জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
ডাইকট শাখা

বিষয়: বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে 'সুশাসন প্রতিষ্ঠা' বিষয়ে অংশীজনদের সাথে অনলাইন কর্মশালার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | সঞ্জয় কুমার ভৌমিক<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭ নভেম্বর, ২০২২ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | জুম অ্যাপের মাধ্যমে ভার্চুয়াল কর্মশালা। |
| উপস্থিতি | উপস্থিতির তালিকা পরিশিষ্ট-"ক"। |

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২2-২০২3 এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে 'সুশাসন প্রতিষ্ঠা' বিষয়ে অংশীজনদের সাথে অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন এবং উপস্থিত সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। পরিচয় পর্বের শেষে সভাপতির অনুমতিক্রমে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব খন্দকার কামরুল ইসলাম হারবেরিয়ামের 'সুশাসন প্রতিষ্ঠা' বিষয়ক কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং তিনি হারবেরিয়াম কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সুষ্ঠু বাস্তবায়নে সকলের মতামত প্রদানের আহবান জানান।

**২.০ আলোচনাঃ**

২.১ আলোচনার শুরুতে অধ্যাপক ড. এ.কে.এম. গোলাম সারোয়ার, বিভাগীয় প্রধান, ক্রপ বোটানি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ সভায় জানান যে, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম স্বল্প জনবল নিয়ে উদ্ভিদ শ্রেণি বিন্যাস করে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। প্রতিষ্ঠানটি নিয়মিত ভাবে বুলেটিন এবং ফ্লোরা প্রকাশ করে আসছে এবং ইতোমধ্যে ন্যাশনাল হারবেরিয়ামের বৈজ্ঞানিকগণ বেশ কিছু New to Science এবং New record for Bangladesh আবিস্কার করেছে। কিন্তু প্রতিষ্ঠানটির এ সকল সাফল্য সর্বসাধারণ জানতে পারছে না। সে ক্ষেত্রে তিনি বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের কার্যক্রম ও সাফল্য বহুল প্রচারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন বলে তিনি মতামত ব্যক্ত করেন।

২.২ আলোচনার এ পর্যায়ে ড. এ কে এম কামরুল হক, সহযোগী অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা বলেন, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম কর্তৃক বাস্তবায়িত "সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব চিটাগাং এন্ড দ্যা চিটাগাং হিল ট্রাক্টস" প্রকল্পটি বাস্তবায়ন করেছে এবং এর ফলাফল পুস্তক আকারে প্রকাশের পাশাপাশি ওয়েবসাইটেও আপলোড করা হয়েছিল যার ফলে এর ভোক্তাগণ সহজে উপকৃত হতে পেরেছে। কিন্তু বর্তমানে তথ্যগুলো আর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে না। তাই তিনি বাস্তবায়নাধীন সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব বরিশাল এন্ড সিলেট ডিভিশন প্রকল্পটির প্রাপ্ত ফলাফল ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি এটি স্থায়ী ভাবে ওয়েবসাইটে সংরক্ষণের জন্য তিনি পরামর্শ প্রদান করেন।

২.৩ আলোচনায় অংশ নিয়ে ড. সুমনা আফরোজ, উপ কীপার, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা বলেন যে কিউ হারবেরিয়ামসহ বিভিন্ন দেশের হারবেরিয়ামের নমুণাসমূহ তাদের ওয়েবসাইটে দেখা যায়। বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম যদি হারবেরিয়াম শীটসমূহ ডিজিটালাইজেশনের মাধ্যমে অনলাইনে আপলোড করে তাহলে উদ্ভিদ শ্রেণি বিন্যাস গবেষণায় জড়িত যে কেউ সহজে এসকল নমুনা পর্যবেক্ষণ করতে পারেবে। পাশাপাশি তিনি পর্যালোচনা সভার মাধ্যমে অংশীজন সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি যাচাইয়ের জন্য অনুরোধ জানান।

২.৪ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান সভায় বলেন, বাংলাদেশ ন্যাশনাল বাস্তবায়নাধীন সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব বরিশাল এন্ড সিলেট ডিভিশন প্রকল্পটির কাজ হাতে নিয়েছে। প্রকল্পটির মাধ্যমে বরিশাল এবং সিলেট বিভাগের Plant Genetic Resources সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাবে। বাসস্থানগত বৈচিত্র্যের কারণে উদ্ভিদের মধ্যে ভিন্নতা পরিলক্ষিত হয়। সে ক্ষেত্রে তিনি উদ্ভিদ নমূনা সংগ্রহের সাথে তার বাসস্থানগত তথ্যও সংগ্রহের অনুরোধ জানান। এবং ভবিষ্যতে এ ধরণের প্রকল্প ডিজাইন করার সময় Ecologocal Parameter বিবেচনা করার জন্য তিনি অনুরোধ জানান।

২.৫ জনাব শাওন মিত্র, সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয় আলোচনায় উত্থাপন করেন যে, সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব বরিশাল এন্ড সিলেট ডিভিশন প্রকল্পটির এলাকা যেহেতু বরিশাল এবং সিলেট বিভাগ, সেহেতু দুটি বিভাগে দুটি কর্মশালা আয়োজন করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন এবং প্রকল্প বাস্তবায়নে বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী এবং স্থানীয় জনসাধারণকে সম্পৃক্ত করার জন্যও তিনি অনুরোধ জানান।

২.৬ এছাড়া আলোচনায় অংশ নিয়ে অধ্যাপক বিথিয়া সঞ্চিতা সমাদ্দার, সহযোগী অধ্যাপক ড. উদয়া শিরীন কেয়া, প্রভাষক, জনাব আফসানা বিনতে খালেক এবং জনাব আবা খালেদ মহসীন উদ্দিন সকলেই হারবেরিয়াম পরিদর্শনে এসে প্রয়োজনীয় সহযোগিতা পেয়েছেন বলে কৃতজ্ঞতা প্রকাশ করেন।


২.৭ আলোচনার এ পর্যায়ে সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সম্মানিত সকল অংশীজনদের তিনি আন্তরিক ধন্যবাদ জানান। স্বচক্ষে দেখে শিখার কোন বিকল্প নেই, কাজেই হারবেরিয়াম টেকনিকের মত একটি বৈজ্ঞানিক বিষয় শিক্ষার্থীদের পরিস্কার ধারণা নেয়ার জন্য তিনি বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ সমূহ থেকে উদ্ভিদবিজ্ঞানের শিক্ষার্থীদের নিয়ে হারবেরিয়াম পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান এবং হারবেরিয়ামের কর্মকর্তাদের আন্তরিকতার সাথে পূর্ণ সহযোগিতা প্রদানের নির্দেশনা দেন। এবিষয়ে এবং হারবেরিয়ামের অন্যান্য সেবাসমূহ প্রাপ্তির যোগাযোগের জন্য ওয়েবসাইটে আবেদন ফরম ও নির্দেশাবলী রয়েছে বলে জানান।

৩.০ সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

৩.১ হারবেরিয়াম শীটসমূহ ডিজিটালাইজেশনের কাজ ত্বরান্বিত করতে হবে।

৩.২ "সার্ভে অব ভাস্কুলার ফ্লোরা অব বরিশাল এন্ড সিলেট ডিভিশন" প্রকল্পটির প্রাপ্ত ফলাফল ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি বাজেটে বরাদ্দ দ্বারা স্থায়ীভাবে ওয়েবসাইটে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

৪.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।



সঞ্জয় কুমার ভৌমিক
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২২.০৫.০০০০.০১০.০৬.০০৩.২০.১৮

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯
১৫ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান , অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

৩) অধ্যাপক বিথিয়া সঞ্চিতা সমাদ্দার , অধ্যাপক , উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা কলেজ, ঢাকা।

৪) ড. এ কে এম কামরুল হক , সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা।

৫) জনাব আব্দুর রহমান, সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, সরকারি বাংলা কলেজ, মিরপুর, ঢাকা।

৬) অধ্যাপক ড. একে এম গোলাম সারোয়ার, বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

৭) ড. উদয়া শিরীন কেয়া , সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৮) জনাব শাওন মিত্র, সহকারি অধ্যাপক ও চেয়ারম্যান, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

৯) জনাব আফসানা বিনতে খালেক , প্রভাষক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, সরকারি তিতুমীর কলেজ,মহাখালী, ঢাকা।

১০) জনাব আবা খালেদ মহসীন উদ্দিন , প্রভাষক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

১১) ড. সুমনা আফরোজ, উপ কীপার, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।

১২) ড. মাকসুদা বেগম তিতু, উপদেষ্টা, ডিপলেইড ল্যাবরেটরিজ লিমিটেড, ওয়ারী, ঢাকা।

১৩) প্রোগ্রামার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

১৪) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

১৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), গবেষণা শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

১৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), মনোকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

১৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), এথনোবোটানী ও ইকোনমিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

১৮) বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ক্রিপটোগ্যামিক শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

১৯) বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), মনোকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

২০) বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব), ডাইকট শাখা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

ড. মাহবুবা সুলতানা
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)